# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 06.11.2024** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) সুপ্রিম কোর্টে আজ আবার RG Kar হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের স্বতঃপ্রণোদিত মামলার শুনানি হওয়ার কথা।

২) রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হচ্ছে আগামী ২৫শে নভেম্বর।

৩) আসন্ন উপ-নির্বাচনে জন্য রাজ্যের ৬-টি বিধানসভা কেন্দ্রে জমে উঠেছে প্রচার।

রাজ্যে আগামী ১২ নভেম্বর শুরু হচ্ছে ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধন কর্মসূচী।

৪) পূর্ব মেদিনীপুরের বাকচায় বিজেপি নেতা বিজয় কৃষ্ণ ভুঁইয়ার খুনের ঘটনায় এন আই এ তৃণমূল কংগ্রেস নেতা নব কুমার মন্ডলকে গ্রেফতার করেছে।

৫) রেশনে অনিয়ম ঠেকাতে রাজ্য সরকার অসাধু ডিলারদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারী দিয়েছে।

৬) চার দিনব্যাপী ছটপুজোর দ্বিতীয় দিনে আজ  পালিত হচ্ছে খারনা।

৭) রঞ্জি ট্রফি ক্রিকেটে বাংলা ও কর্ণাটকের মধ্যে ৪ দিনের ম্যাচ আজ শুরু হচ্ছে।

oooooooooooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টে আজ আবার RG Kar হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের স্বতঃপ্রণোদিত মামলার শুনানি হওয়ার কথা। সকাল সাড়ে ১০ টায় আদালত বসলে প্রথমেই প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের বেঞ্চে এই মামলার শুনানি হবে বলে জানা গেছে।

শীর্ষ আদালতে গতকাল বেলা ৩'টে নাগাদ এই মামলার শুনানি হওয়ার কথা ছিল। কিন্তু সুপ্রিম কোর্টের লোগো উদ্বোধন নিয়ে প্রধান বিচারপতির রাষ্ট্রপতি ভবন যাওয়ার কর্মসূচী থাকায় তা পিছিয়ে আজ করার কথা জানানো হয়।

এদিকে, রাজ্যের মেডিকেল কলেজগুলির নিরাপত্তা পরিকাঠামো সংক্রান্ত কাজ কত দূর এগিয়েছে তা নিয়ে গতকাল সুপ্রিম কোর্টে রিপোর্ট পেশ করে রাজ্য। একই সঙ্গে রাজ্যের তরফে সিভিক ভলান্টিয়ার সংক্রান্ত হলফ নামাও জমা দেওয়া হয়। গত শুনানিতে প্রধান বিচারপতি, কারা সিভিক ভলান্টিয়ার নিয়োগ করেন, বা কোন পদ্ধতিতে এই নিয়োগ হয়, রাজ্যের কাছে তা জানতে চেয়েছিলেন। রাজ্যের তরফে গতকাল জানানো হয়, নির্দিষ্ট কমিটি গঠন করে সিভিক নিয়োগ করা হয়ে থাকে। কমিশনারেট এলাকায় পুলিশ কমিশনার এবং জেলাস্তরে পুলিশ সুপাররা কমিটির প্রধান হিসেবে কাজ চালান। রাজ্যস্তরে অ্যাপেক্স কমিটিও বিষয়টির দেখভাল করে বলেও শীর্ষ আদালতে জানানো হয়েছে। মামলার তদন্তকারী সিবিআই এপর্যন্ত তদন্তের অগ্রগতি নিয়ে আজ শীর্ষ আদালতে রিপোর্ট জমা দেবে। আজ এই মামলার শুনানিতে আদালত কি মত প্রকাশ করে, সেদিকেই এখন নজর সকলের।

উল্লেখ্য, আগামী ১০ ই নভেম্বর প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় অবসর নেবেন। শুক্রবারই তাঁর শীর্ষ আদালতে কাজের শেষ দিন।

এদিকে, গতকালের শুনানি পিছিয়ে যাওয়ায় হতাশ জুনিয়ার চিকিৎসকরা। আজ'ও যাতে তা স্থগিত রাখা না হয়, সেইদিকেই তাকিয়ে রয়েছেন তাঁরা।

ooooooooooooooooooooooooooo

রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হচ্ছে আগামী ২৫শে নভেম্বর। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় গতকাল বিধানসভায় সাংবাদিকদের বলেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সম্মতি মেলার পরেই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এবারের অধিবেশনে বেশ কয়েকটি গুরূত্বপূর্ন বিষয়ে রয়েছে। কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে আলোচনার পর কার্যসূচী পরে জানানো হবে।

(বাইট – বিমান বন্দ্যোপাধ্যায়)

অধ্যক্ষ আরও বলেন, এইবারের অধিবেশন দশ এগারো দিন চলতে পারে। অপরাজিতা বিল এখনও রাষ্ট্রপতির অনুমোদন না মেলায় হতাশা প্রকাশ করেন তিনি।

এইদিকে আগামী ১৩-ই নভেম্বর ৬ বিধানসভা আসনে উপনির্বাচনের পরে ২৩-শে নভেম্বর ভোট গননা শেষে নতুন বিধায়করা এইবারের অধিবেশনেই শপথ নেবেন বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ৬-টি বিধানসভার উপ-নির্বাচনের ভোটগ্রহণের জন্য প্রচার জমে উঠেছে। সিতাই, মাদারিহাট, নৈহাটি, হাড়োয়া, মেদিনীপুর ও তালডাংরা বিধানসভা আসনের উপ-নির্বাচনে ভোট নেওয়া হবে ১৩-ই নভেম্বর। যে সমস্ত ভোটদাতা নির্বাচনে ভোটের ডিউটি থাকায় তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে পারবেন না, তাদের পোস্টাল ব্যালটে ভোটদানের প্রক্রিয়া শুরু হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মেদিনীপুর বিধানসভা উপনির্বাচনে ভোট কর্মীদের জন্য প্রশিক্ষন  সম্পূর্ণ হয়ে যাওয়ার পরেও আবার কেন  স্পেশাল ট্রেনিং-এর কেন ব্যবস্থা করা হয়েছে তা নিয়ে  ভোট কর্মীদের মধ্যে প্রশ্ন উঠেছে। প্রিসাইডিং অফিসার এবং প্রথম পোলিং অফিসারের নির্ধারিত তিনটে ট্রেনিং নেওয়ার পরেও চতুর্থবার প্রশিক্ষনে ডাকা

হয়েছে। অন্যদিকে দ্বিতীয় এবং চতুর্থ পোলিং অফিসার নির্ধারিত দুবার ট্রেনিং নেওয়ার পর তৃতীয়বার পুনরায় প্রশিক্ষনের চিঠি দেওয়া হয়েছে বলে ভোট কর্মীদের দাবি। ইতিমধ্যে অনেক ভোট কর্মী এই চিঠি পেয়েছেন। জেনারেল অবজারভারের নির্দেশেই এই ব্যাবস্থা বলে সূত্রের খবর।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তের প্রতিবাদ জানানোর পাশাপাশি অবিলম্বে তা প্রত্যাহারের দাবি জানিয়েছেন।বিষয়টি নিয়ে তিনি রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ডক্টর আরিজ আফতাব কে গতকাল চিঠি দিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আগামী ১২ নভেম্বর থেকে শুরু হবে ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধন কর্মসূচী। ভোটার তালিকা সংশোধন ও পরিমার্জনের লক্ষ্যে নির্বাচন কমিশন একমাস ব্যাপী এই বিশেষ অভিযানে নামছে।

তার আগে আগামী ১১-ই নভেম্বর সর্বদল বৈঠকের ডাক দিয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব। বৈঠকে স্বীকৃত রাজনৈতিক দলগুলির কাছ থেকে এবিষয়ে মতামত নিয়ে তারপরেই সংশোধনের কাজ শুরু হবে। মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন ভোটার তালিকায় নাম তোলা ও সংশোধনের জন্য অনলাইনেও আবেদন জানানো যাবে।

(বাইট – আরিজ আফতাব)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের বাকচায় বিজেপি নেতা বিজয় কৃষ্ণ ভুঁইয়ার খুনের ঘটনায় এন আই এ তৃণমূল কংগ্রেস নেতা নব কুমার মন্ডলকে গ্রেফতার করেছে। গতরাতে তার বাড়ি থেকেই শাসক দলের এই নেতাকে ধরা হয়। আজ তাকে এন আই এ-র বিশেষ আদালতে তোলা হবে।

উল্লেখ্য, ২০২৩-এর পয়লা মে বিজেপি-র বুথ সভাপতি  বিজয় কৃষ্ণ ভূঁইয়া খুন হন। জাতীয় তদন্ত সংস্থা এন আই এ হাতে নেয় ঘটনার তদন্তভার। বিজেপি-র বুথ সভাপতি বিজয়কৃষ্ণর পরিবারের পক্ষ থেকে কয়েকজনের নামে এফ আই আর দায়ের করা হয়। তার মধ্যে ছিল নব কুমার মন্ডলের নামও। এন আই এ তার বাড়িতে এর আগে তল্লাশি চালায়। তখন অবশ্য তিনি বাড়িতে ছিলেন না। এরপর তথ্য প্রমাণ জোগাড় করে গতকাল তাকে গ্রেফতার করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রেশনে অনিয়ম ঠেকাতে রাজ্য সরকার অসাধু ডিলারদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারী দিয়েছে। এখন থেকে রেশন দোকানে সরকার থেকে বরাদ্দ করা চাল-গমের সঙ্গে মজুতের হিসাব না মিললে  সংশ্লিষ্ট ডিলারকে মোটা টাকা জরিমানা দিতে  হবে।

রাজ্য খাদ্যদফতর সম্প্রতি এই মর্মে নির্দেশিকা জারি করেছে । ওই নির্দেশিকা অনুযায়ী, রেশন দোকান থেকে বরাদ্দের অতিরিক্ত যতটা চাল-গম উদ্ধার হবে তার তিনগুণ অর্থ জরিমানা  হিসাবে দিতে হবে। রেশনের সামগ্রী যাতে বাইরে পাচার না হয়, সে জন্যেই এই ব্যবস্থা।

অনেক সময়ে রেশন ডিলাররা সরকারি ভর্তুকির চাল, গম, আটা খোলাবাজারে বিক্রি করে দেন। সেটা যাতে না হয়, সে জন্যেই এখন থেকে রেশন দোকানে কতটা চাল, গম, আটা মজুত রয়েছে এবার থেকে তার হিসাব নেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার বরাদ্দ কমিয়ে দেওয়ায় রাজ্যে আসন্ন রবি মরশুমে আলু সহ বিভিন্ন শাকসবজি চাষে সারের যোগানে ঘাটতি দেখা যেতে পারে। পরিস্থিতি মোকাবিলায় হাতে থাকা সারের সুষম বন্টন এবং বিকল্প সারের ব্যবহারের উপর জোর দিচ্ছে রাজ্য সরকার। একই সঙ্গে সারের কালোবাজারি রুখতেও কঠোর পদক্ষেপ নেওয়া হচ্ছে।

রবি মরশুমে কৃষকদের জন্য সারের যোগান মসৃণ রাখতে নবান্নে গতকাল সার আমদানিকারক,বিক্রেতা ও কৃষি সমবায় সহ বিভিন্ন সংগঠনের সঙ্গে বৈঠকে বসেন কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার, কৃষি সচিব ওঙ্কার সিং মিনাও ওই বৈঠকে উপস্থিত ছিলেন।

বৈঠক শেষে কৃষিমন্ত্রী বলেন, ২০২১ সালের পর থেকে কেন্দ্রীয় সরকার রাজ্যে আলু চাষে প্রয়োজনীয় ১০:২৬: ২৬ এমপিকে সারের যোগান কমিয়ে অর্ধেক করে দিয়েছে। বারবার এ নিয়ে কেন্দ্রকে চিঠি দিয়েও কোন লাভ হয়নি।

পঞ্চায়েত মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কৃষি উপদেষ্টা প্রদীপ মজুমদার বলেন ধান উৎপাদনে দেশের মধ্যে এ রাজ্য প্রথম স্থানে রয়েছে। আলু উৎপাদনে দ্বিতীয় স্থানে। অথচ ওইসব চাষে অপরিহার্য স্যারের যোগান দেওয়ার ক্ষেত্রে এ রাজ্যের গরিব চাষীরাই কেন্দ্রের বৈমাত্রেয়সুলভ আচরণের সম্মুখীন হচ্ছেন। এমনকি যেটুকু সার বরাদ্দের প্রতিশ্রুতি দেওয়া হচ্ছে, বাস্তবে সেটুকুও দেওয়া হচ্ছে না। এমত অবস্থায় যেটুকু সার রাজ্যের হাতে রয়েছে তার যাতে সুষম বন্টন হয় সে ব্যাপারে সরবরাহকারীদের নির্দেশ দেওয়া হয়েছে। বিবিসির বাঁধ থেকে অপর্যাপ্ত জল ছাড়া এবং ঘূর্ণিঝড় দানার কারণে ইতিমধ্যেই সমস্যার সম্মুখীন হয়েছেন কৃষকেরা। এখন সারের ঘাটতির কারণে যাতে তাদের কোন সমস্যায় পড়তে না হয় রাজ্য সরকার তা নিশ্চিত করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বাগদায় ঝাউখালি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে বাচ্চাদের মিড-ডে-মিলের চা-ডাল এবং খাবারে পোকা থাকার অভিযোগে অভিভাবকরা গতকাল বিক্ষোভ দেখান। শ্যামলী রায় নামে এক শিক্ষিকাকে আটকে রাখেন তারা। পরে পুলিশ গিয়ে তাকে উদ্ধার করে । অভিযোগ, ওই শিক্ষিকা দীর্ঘদিন ধরে পোকা ধরা চাল-ডাল দিয়ে রান্না করা খাবার বাচ্চাদের দিয়ে আসছেন। বিষয়টি তাঁকে জানানো

সত্ত্বেও সমাধান হয়নি। ওই অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সুপারভাইজার রিয়া মন্ডল জানান, বৃষ্টির কারণে পোকা লেগে থাকতে পারে। তবে, দ্রুত উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করে চাল-ডাল পাল্টে দেওয়া হবে।

এদিকে, বিজেপি এই ঘটনায় সরকারের দুর্নীতিকেই দায়ী করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার বাম আমলের প্রাক্তন মন্ত্রী আব্দুস সাত্তার কে সংখ্যালঘু বিষয়ে মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা হিসাবে নিয়োগ করেছে। সংশ্লিষ্ট দফতরের পক্ষ থেকে গতকাল এই মর্মে এক বিজ্ঞপ্তি জারি করা হয় । এতে বলা হয়েছে বাম আমলের সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী সাত্তার মুখ্যমন্ত্রী তথা সংখ্যালঘু বিষয়ক দফতরকে মাদ্রাসা শিক্ষার উন্নয়ন এবং সংখ্যালঘুদের কল্যাণে সবরকম পরামর্শ দেবেন। তাঁর পদ মর্যাদা হবে পূর্ণ মন্ত্রীর সমতুল। সেই নিরিখেই বেতন, ভাতা সহ প্রাপ্য সুযোগ সুবিধা পাবেন তিনি।

উল্লেখ্য, রাজ্যের সংখ্যালঘু বিষয়ক এবং মাদ্রাসা শিক্ষা দফতর তৃণমূল কংগ্রেসের আমলের প্রথম থেকেই মুখ্যমন্ত্রীর হাতে রয়েছে। পূর্বতন বামফ্রন্ট সরকারের হাতে এই দফতরেরই মন্ত্রী ছিলেন পেশায় শিক্ষক আব্দুস সাত্তার। ২০১৮ সালে সিপিএম ছেড়ে তিনি কংগ্রেসে যোগ দেন। ২০২১ সালে বাদুড়িয়া থেকে হাত শিবিরের প্রার্থীও হয়েছিলেন। তবে ভোটে পরাজয়ের পর সক্রিয় রাজনীতি থেকে কিছুটা দূরে সরিয়ে রেখেছেন নিজেকে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

চার দিনব্যাপী ছটপুজোর দ্বিতীয় দিনে আজ পালিত হচ্ছে খারনা। এরপর শুরু হবে ৩৬ ঘন্টা নির্জলা উপবাস। গতকাল প্রথম দিনে পালিত হয় নাহায়-খায়। বিভিন্ন নদ-নদী, পুকুর ও জলাশয়ে ভক্তরা পুণ্যস্নান এর পর প্রসাদ হিসেবে গ্রহণ করেন রান্না করা আরওয়া চাল, চানা ডাল ও সব্জী।

আগামীকাল উৎসবের তৃতীয় দিনে অস্তগামী সূর্যকে প্রথম অর্ঘ্য নিবেদন করা হবে।
এরপর শুক্রবার উদীয়মান সূর্যকে অর্ঘ্য অর্পণের পর ব্রতের সমাপ্তি ঘটবে।

এদিকে, রাজ্য সরকার, ছটপুজো উপলক্ষ্যে পূন্যার্থীদের নিরাপত্তায় নদী বা জলাশয়ের ঘাটগুলি পরিদর্শন করে আজকের মধ্যে রিপোর্ট জমা দেওয়ার জন্যে সব জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে। স্থানীয় প্রশাসনকে সমন্বয় বৈঠকের আয়োজন করতে হবে বলে সরকারি ভাবে এগারো দফা নির্দেশিকা জারি করা হয়।

আগামী কাল ( ৭ই নভেম্বর ) ও শুক্রবার ৮ তারিখে ছটপুজোর দিন সব জেলা প্রশাসনকে কন্ট্রোল রুম চালু করার কথা বলা হয়েছে। ঘাটগুলিতে পর্যাপ্ত পুলিশ কর্মী ছাড়াও স্বেচ্ছাসেবক মোতায়েন রাখতে বলা হয়েছে। আবর্জনা পরিষ্কার করার জন্যে ঘাটগুলিতে সব সময় সাফাই কর্মী রাখতে হবে। ছট উপলক্ষে যাত্রী ভিড় সামাল দিতে পূর্ব রেল অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

oooooooooooooooooooooo

ঐতিহ্যবাহী জগদ্ধাত্রী পুজোর আজ ষষ্ঠী । হুগলীর চন্দননগর সেজে উঠেছে আলোকমালায়। বিখ্যাত এই পুজোকে বিশ্বের দরবারে পৌঁছে দিতে কেন্দ্রীয় জগদ্ধাত্রী পুজো কমিটি এবার সরাসরি সম্প্রচারের উদ্যোগ নিয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বিকেলে কলকাতার পোস্তায় সবচেয়ে বড় জগদ্ধাত্রী পুজোর উদ্বোধন করবেন।

ooooooooooooooooooooooooo

রঞ্জি ট্রফি ক্রিকেটে বাংলা ও কর্ণাটকের মধ্যে চারদিনের ম্যাচ আজ শুরু হচ্ছে। বেঙ্গালুরুর এম চিন্নাস্বামী স্টেডিয়ামে খেলা শুরু সকাল সাড়ে নয়টায়।

বাংলার তিন ম্যাচে সংগৃহীত  পয়েন্ট পাঁচ। কর্ণাটকের সমসংখ্যক ম্যাচে পয়েন্ট আট।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

চেন্নাইতে পুরুষদের জাতীয় হকি চ্যাম্পিয়নশিপে বাংলা , অসমকে ১০-০ গোলে হারিয়ে দিয়েছে। অন্ধ্রপ্রদেশ আন্দামান ও নিকোবরকে ১৩-০ গোলে হারিয়ে দিয়েছে। মধ্যপ্রদেশ ও তামিলনাড়ুর মধ্যে ম্যাচটি ২-২ গোলে শেষ হয়েছে। দিল্লি জম্মু ও কাশ্মীরকে ৬-০ গোলে, কর্ণাটক চন্ডীগড়কে ৫-১ গোলে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০